JUN. 17 2002

দৈনিক সংবাদ

মাগুরা সরকারি সোহরাওয়ার্দী কলেজ

# শিক্ষকের অভাবে লাটে উঠেছে ছাত্রছাত্রীদের লেখাপড়া

মাগুরা থেকে মিহির লাল কুবি ॥ শিক্ষক স্বল্পতার কারণে মাগুরা হোসেন শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজের পাঠদান কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে। কলেজ কর্তৃপক্ষের তাগিদ সত্ত্বেও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ দেয়া হচ্ছে না। এর অনিবার্য শিকার হচ্ছে শিক্ষার্থীরা গত বছরগুলোতে কলেজের ফলাফলে বিপর্যয় নেমে এসেছে।

প্রকাশ, ১৯৪০ সালে প্রতিষ্ঠিত মাগুরা হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজটি ১৯৭৯ সালে সরকারিকরণ হয়। ১৯৫৭ সালে এ কলেজে ৫টি বিষয়ে অনার্স কোর্স চালু করা হয়। আগ থেকেই শিক্ষক স্বল্পতা ছিল। অনার্স কোর্স চালু করার পরও ওই কলেজে উল্লেখ করার মতো বাড়তি শিক্ষক নিয়োগ দেয়া হয়নি।

সম্প্রতি ডিগ্রি কলেজে প্রতি বিষয়ে ৪ জন শিক্ষক নিয়োগের বিধান চালু হয়েছে। আগের নিয়মে এ সংখ্যা ছিল ৩। অনার্স কোর্সের জন্য প্রতি বিষয়ে মোট ৭ জন শিক্ষক নিয়োগের বিধান।

১৯৯৭ সালে ওই কলেজে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, পদার্থবিদ্যা, প্রাণীবিজ্ঞান ও হিসাববিজ্ঞান বিষয়ে অনার্স কোর্স চালু করা হয়।

বর্তমানে ওই কলেজে কর্মরত রয়েছেন বাংলা, রাষ্ট্রবিজ্ঞান ও প্রাণীবিজ্ঞান বিষয়ে ২ জন করে এবং পদার্থবিদ্যা ও হিসাববিজ্ঞান বিভাগে ৩ জন করে শিক্ষক।

অন্যান্য কোর্সের কথা বাদ দিলেও অনার্স সংশ্লিষ্ট ৫টি বিষয়ে মোট ৩৫ জন শিক্ষকের স্থলে কর্মরত রয়েছেন মাত্র ১২ জন শিক্ষক।

এ স্বল্পসংখ্যক শিক্ষককে ক্লাস নিতে হয় উচ্চ মাধ্যমিক, ডিগ্রি ও অনার্স কোর্সের। ফলে যা হওয়ার তাই হচ্ছে। কোন কোর্সেরই ৩০%-এর বেশি ক্লাস নিতে পারছেন না শিক্ষকরা। ফলে অনিশ্চিত হয়ে পড়েছে এ কলেজের বিভিন্ন কোর্সে পড়ুয়া অগণিত শিক্ষার্থীর ভবিষ্যৎ শিক্ষাজীবন।